(সংশোধিত)

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
জাতীয় সদর দপ্তর, ঢাকা

**বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন পরিচালনা সংক্রান্ত নির্বাচন কমিশন-২০২৬**

# বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন-২০২৬ উপলক্ষে প্রার্থী, ভোটার, সম্ভাব্য প্রার্থী ও সংশ্লিষ্ট অন্যান্যদের জন্য নির্বাচন আচরণ নীতিমালা

( এই নির্বাচন আচরণ নীতিমালা মনোনয়নপত্র বিতরণ হতে নির্বাচনের ফলাফল ঘোষণা পর্যন্ত কার্যকর থাকবে )

(১) কোন প্রার্থী বা সম্ভাব্য প্রার্থী সোসাইটির বা সরকারি কোন সুযোগ-সুবিধা, যানবাহন, প্রচারযন্ত্র বা কোনো কর্মকর্তা-কর্মচারীকে নির্বাচনী প্রচারণায় ব্যবহার করতে পারবেন না।

(২) সোসাইটির দায়িত্বরত কোনো কর্মকর্তা/কর্মচারী পদে থেকে নির্বাচনী প্রচারণায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশ নিতে পারবেন না; তবে ভোটার হলে ভোট প্রদান করতে পারবেন।

(৩) কোন প্রার্থী বা তার সমর্থকদের মনোনয়নপত্র দাখিল বা প্রার্থিতা প্রত্যাহারের সময় অন্য কোনো প্রার্থীকে বাধা প্রদান বা কোনো প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারবেন না; বিশেষভাবে উল্লেখ্য যে, মনোনয়নপত্র দাখিল, বাছাই বা প্রার্থিতা প্রত্যাহারের সময় প্রার্থী ও সর্বাধিক ২ (দুই) জন ভোটার থাকতে পারবেন।

(৪) অর্থ, পেশীশক্তি, সামাজিক বা রাজনৈতিক প্রভাব ব্যবহার করে ভোটগ্রহণ বা সম্পূর্ণ প্রক্রিয়া কোনোভাবেই প্রভাবিত করা যাবে না।

(৫) নিরপেক্ষতা ও মানবিক মূল্যবোধ বজায় রেখে নির্বাচনী প্রচারণা পরিচালনা করতে হবে।

(৬) ভোটকেন্দ্রে কেবল নির্বাচনী কর্মকর্তা-কর্মচারী, প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচন কমিশন অনুমোদিত পর্যবেক্ষক এবং নিবন্ধিত ভোটারগণই প্রবেশ করতে পারবেন।

(৭) ভোটকেন্দ্রের অভ্যন্তরে নির্ধারিত স্থানে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ অবস্থান করতে পারবেন।

তবে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী ভোটকেন্দ্রে উপস্থিত থাকতে না পারলে নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত একজন এজেন্ট থাকতে পারবেন।

(৮) ভোটারগণ ভোটাধিকার প্রয়োগ করে দ্রুত ভোটকেন্দ্র ত্যাগ করবেন।

(৯) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী ক্ষেত্রবিশেষ অনুমোদিত এজেন্ট বা ভোটারগণ ভোটকেন্দ্রে অহেতুক ঘোরাফেরা বা জমায়েত করতে পারবেন না।

---

উল্লেখ্য যে—

"সোসাইটি" বলতে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি বুঝাবে।

"সম্ভাব্য প্রার্থী" বলতে যে কোন পদে মনোনয়নপত্র সংগ্রহকারীকে বুঝাবে।

"প্রার্থী" বলতে যে কোন পদে মনোনয়নপত্র দাখিলকারীকে বুঝাবে।

"প্রতিদ্বন্দ্বী প্রার্থী" বলতে প্রার্থীতা প্রত্যাহারোত্তর কোন পদে চূড়ান্ত প্রার্থী বুঝাবে।

| | | | |
|---|---|---|---|
| Rahman 09/09/26 | 9.9.26 | ৯/৯/২০২৬ | ৯/৯/2026 |
| মোঃ হাবিবুর রহমান খান<br>মহাসচিব, বিডিআরসিএস<br>ও<br>সচিব বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ<br>নির্বাচন কমিশন-২০২৬ | ডাঃ মোঃ এমদাদুল হক<br>নির্বাচন কমিশনার<br>বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ<br>নির্বাচন কমিশন-২০২৬ | মুশফীক আহাম্মদ<br>নির্বাচন কমিশনার<br>বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ<br>নির্বাচন কমিশন-২০২৬ | ফরহাদ আহাম্মদ খান<br>প্রধান নির্বাচন কমিশনার<br>বিডিআরসিএস ব্যবস্থাপনা পর্ষদ<br>নির্বাচন কমিশন-২০২৬ |